

ঢাকা ওয়াসা

- ১। মডুস জোন-২ এর ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
 ২। কোটেশনের কপি।
 ৩। প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ Supply of spare chlorine cylinder valve, line valve, Connecting Tube, siphon pipe, and related others for CWTP, DWASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সংযুক্ত ক্রঃ নং ০১ হতে ০৩ দয়া করে দেখা যেতে পারে। চাঁদনীঘাট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের (ঢাকা ওয়াটার ওয়ার্কস) ক্লোরিনেশন সিস্টেমে ৩.০ কিলোওয়াট ২৫ ঘনমিটার/ঘন্টা ক্ষমতার ২ সেট প্রি ও ২ সেট পোস্টসহ মোট ৪ সেট বুস্টার পাম্প মোটর, ৪টি ভ্যাকুয়াম রেগুলেটর, ৪টি ইনজেক্টর, হেডার পাইপ লাইন, সিলিন্ডার ভাল্ভ, লাইন ভাল্ভ, হিটার, কানেকটিং টিউব প্রভৃতি মালামাল রয়েছে। পানি পরিশোধন প্রক্রিয়ায় ক্লোরিনেশন একটি গুরুত্বপূর্ণ ধাপ। পানির জীবন ধ্বংস করার জন্য পানিতে ক্লোরিনেশন সিস্টেমে ক্লোরিন গ্যাস ব্যবহার করা হয়। চাঁদনীঘাট ট্রিটমেন্ট প্লান্টের বিদ্যমান ক্লোরিনেশন সিস্টেমটিতে ৫০ কেজি গ্যাস ধারন ক্ষমতা সম্পন্ন সিলিন্ডার ব্যবহার করা হতো। বর্তমানে সিগমা ইঞ্জিনিয়ার্স লিঃ কর্তৃক ক্লোরিনেশন সিস্টেমটির আধুনিকায়ন করা হয়েছে। উক্ত সিস্টেমে ৫০ কেজি গ্যাস সিলিন্ডারের পরিবর্তে ১৪০০ কেজি গ্যাসসহ সিলিন্ডার ব্যবহার করা হচ্ছে। বর্তমানে চাঁদনীঘাট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের আটটি সিলিন্ডার রয়েছে। সিলিন্ডারে ব্যবহৃত সিলিন্ডার ভাল্ভ দীর্ঘ সময়ে ব্যবহারের কারণে ক্ষয়প্রাপ্ত হয়ে লিকেজ হওয়ার সম্ভাবনা থাকে। যার কারণে সিলিন্ডার ভাল্ভ পরিবর্তনের দরকার হয়। এছাড়া লাইন ভাল্ভ, সাইফন পাইপ ও কানেকটিং টিউবও দীর্ঘ সময়ে ব্যবহারের কারণে পরিবর্তনের প্রয়োজন রয়েছে। উক্ত কাজ করার জন্য বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান হতে কোটেশন সংগ্রহ করা হয়েছে। তন্মধ্যে সর্বনিম্ন দরদাতার ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা: ৯,৯৮,৫০০.০৪৫ (নয় লক্ষ আটানব্বই হাজার পাঁচশত দশমিক শূন্য চার পাঁচ) টাকা মাত্র যা অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত ক্রয় কাজের খরচ মডুস জোন-২ এর ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত হতে বাজেটভুক্ত করা যেতে পারে। কাজটি অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় সিরিয়াল নং-১০৩, প্যাকেজ নং-জি-০৫ এ ধরা আছে।

২। এমতাবস্থায়, Supply of spare chlorine cylinder valve, line valve, Connecting Tube, siphon pipe, and related others for CWTP, DWASA কাজটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ অনুসরণে LTM(c-GP) পদ্ধতিতে সম্পাদনের জন্য সর্বমোট টা= ৯,৯৮,৫০০.০৪৫ (নয় লক্ষ আটানব্বই হাজার পাঁচশত দশমিক শূন্য চার পাঁচ) টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য আলোচ্য প্রাক্কলনের অনুমোদন তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাভুক্ত।

২১/০৫/২৬
 মোঃ ওমর ফারুক
 উপ-সহকারী প্রকৌশলী
 ঢাকা ওয়াটার ওয়ার্কস
 মডুস জোন-২, ঢাকা ওয়াসা

মোঃ ইলিয়াস হোসেন
 সহকারী প্রকৌশলী
 ঢাকা ওয়াটার ওয়ার্কস
 মডুস জোন-২, ঢাকা ওয়াসা

১১/৫/২০২৬
 মোহাম্মদ নজরুল ইসলাম
 নির্বাহী প্রকৌশলী
 মডুস জোন-২, ঢাকা ওয়াসা।

৩। প্রস্তুতকৃত প্রাক্কলন।

২২/০৫/২৬
 মোঃ ফিরোজ আলম
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী
 মডুস সার্কেল-১ ঢাকা ওয়াসা।

E/E/2-2

A/E/2-2
 ১২/৫/২০২৬